

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-০৬/২০০৭-১৮৫৬৩

তারিখ: ২৯ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ
১৪ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়: ৫+ থেকে ১১ বছরের শিক্ষার্থীদের [যেসকল শিক্ষার্থীর বয়স ৫+ থেকে ১১+ কিন্তু ১২ বছরের কম] কোভিড-১৯ এর টিকা গ্রহণ প্রসঙ্গে।

শিশু থেকে ৬ষ্ঠ শ্রেণির [যেসকল শিক্ষার্থীর বয়স ৫+ থেকে ১১+ কিন্তু ১২ বছরের কম] সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, আগামীকাল ৩০/০৮/২০২২ খ্রিস্টাব্দ মঙ্গলবার (রেজিস্ট্রেশনকৃত/রেজিস্ট্রেশনবিহীন) শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা 'উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা'- কেন্দ্রে নিম্নলিখিত ছক মোতাবেক প্রদান করা হবে।

১। শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির সময়:

শ্রেণি	উপস্থিতির সময় (টিকাদান কেন্দ্র)
৬ষ্ঠ ও ৫ম	সকাল ০৮:৩০ মিনিট
৪র্থ ও ৩য়	সকাল ১০:০০ মিনিট
২য় ও ১ম	সকাল ১১:০০ মিনিট
শিশু	দুপুর ১২:০০ মিনিট

২। শিক্ষার্থীরা মা/বাবার সাথে বিদ্যালয়ে আসবে এবং টিকা গ্রহণের পর বাসায় ফিরে যাবে।

৩। শিক্ষার্থীদের সকালের নাস্তা খেয়ে/ভরা পেটে আসতে হবে এবং সাথে স্যালাইন রাখতে হবে।

৪। বিদ্যালয়ে আসার সময় রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অবশ্যই ভ্যাকসিন নিবন্ধন কার্ড (ডাউনলোড করে প্রিন্ট করে) এবং জন্ম নিবন্ধন সনদের ফটোকপি সাথে নিয়ে আসতে হবে।

৫। যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে পারেনি, তারা দুই কপি ভ্যাকসিন কার্ড (Blank) প্রিন্ট করে পূরণ করে নিয়ে আসতে হবে এবং জন্ম নিবন্ধন সনদের ফটোকপি সাথে নিয়ে আসতে হবে।

৬। শিশু থেকে ৬ষ্ঠ শ্রেণির শ্রেণিকার্যক্রম ৩০/০৮/২০২২ খ্রিস্টাব্দ মঙ্গলবার বন্ধ থাকবে। ৩১/০৮/২০২২ বুধবার থেকে শ্রেণিকার্যক্রম যথারীতি চলবে।

৭। ৭ম থেকে ১১শ শ্রেণি পর্যন্ত শ্রেণিকার্যক্রম যথারীতি চলবে।

৮। সম্মানিত শিক্ষকবৃন্দকে যথাসময়ে বিদ্যালয়ে আসার জন্য অনুরোধ করা হলো এবং সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণিশিক্ষকবৃন্দকে নিজ নিজ শাখার শিক্ষার্থীদের সাথে টিকা প্রদানের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট সকলকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে উপস্থিত হয়ে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ